



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
কাজিপুর, সিরাজগঞ্জ  
[acl.kazipur.sirajganj.gov.bd](http://acl.kazipur.sirajganj.gov.bd)

স্মারক নং- ৩১.৪৩.৮৮৫০.০০১.৪৫.০০৮.২২-৬২০

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
১০ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

**পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ অনুযায়ী সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আত্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক	পদবি	পদ সংখ্যা	মাসিক সন্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	খাদিম	০২	৭,৫০০/-	(ক) দ্বিতীয় শ্রেণির আলিম/সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। (খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

**শর্তাবলিঃ**

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
০২. স্থায়ী জনবল কাঠামো অনুমোদিত না হওয়া পর্যন্ত পরিচালনা কমিটি কর্তৃক সন্মানীর ভিত্তিতে জনবল নিয়োগ দেয়া হবে।
০৩. আবেদন ফরম [acl.kazipur.sirajganj.gov.bd](http://acl.kazipur.sirajganj.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।
০৪. আবেদনকারীর বয়স ৩১/০৮/২০২৩ খ্রি. তারিখে (১৮-৩০) বছর হতে হবে। (বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর)/ সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী। বয়সের ক্ষেত্রে এডিভেডিট গ্রহণযোগ্য নয়।
০৫. ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে আগামী ৩১/০৮/২০২৩ খ্রি এর মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে উপজেলা ভূমি অফিস, কাজিপুর, সিরাজগঞ্জ এ প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।
০৬. আবেদনের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (গ) ০৪ (চার) কপি ৫x৫ সে:মি: সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
০৭. বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান যথাসময়ে মোবাইল/ইমেইল/নোটিশ বোর্ড/ওয়েবসাইট এর মাধ্যমে জানানো হবে।
০৮. আবেদনকারীকে আবেদন পত্রের সাথে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহকারী কমিশনার (ভূমি), কাজিপুর, সিরাজগঞ্জ বরাবর দাখিল করতে হবে।
০৯. আবেদনপত্রের খামের উপর অবশ্যই প্রার্থীর পদের নাম উল্লেখ করতে হবে।
১০. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১১. প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১২. যে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।
১৩. উপজেলা ভূমি অফিস, কাজিপুর, সিরাজগঞ্জ হতে গত ১৪/১২/২০২২ খ্রি. তারিখের ৩১.৪৩.৮৮৫০.০০১.৪৫.০০৮.২২-৬২০ নম্বর স্মারকের মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে খাদিম পদে যারা ইতোপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
১৪. কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০-০৮-২৩  
কাজী মোহাম্মদ অনিক ইসলাম  
সহকারী কমিশনার (ভূমি)

ও  
সভাপতি  
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র  
পরিচালনা কমিটি  
কাজিপুর, সিরাজগঞ্জ